# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৭. ৮. মহিলারা কবরে ঢুকলেন না দৌড়ে ফিরে গেলেন

প্রথম তিন ইঞ্জিল লেখক নিশ্চিত করেছেন যে, মহিলারা যীশুর লাশ চুরি হয়েছে বলে মনে করেননি বা ভয় পাননি; কারণ স্বর্গদূত বা স্বর্গদূতদ্বয় তখনই তাদেরকে জানিয়ে দেন যে, যীশু পুনরুজ্জীবিত হয়েছেন। মথির বক্তব্য থেকে প্রতীয়মান হয় যে, তারা কবরে ঢুকেছিলেন; কারণ স্বর্গদূত বলেন: ‘‘এস তিনি যেখানে শুয়ে ছিলেন সেই জায়গাটা দেখ’’ (মথি ২৮/৬)। মার্ক ও লূক নিশ্চিত করেছেন যে, তাঁরা কবরের মধ্যে প্রবেশ করেন (মার্ক ১৬/৫ ও লূক ২৪/৩)। এরপর তাঁরা আতঙ্কিত হয়ে নয়, বরং আনন্দিত হয়ে শিষ্যদেরকে সুসংবাদ দিতে যান।

এর সম্পূর্ণ বিপরীত তথ্য দিলেন যোহন। তিনি বললেন  যে, মহিলা পাথর সরানো দেখেই নিশ্চিত হন যে, যীশুর লাশ চুরি হয়ে গিয়েছে। তিনি আতঙ্কিত হয়ে দৌঁড়ে গিয়ে পিতর ও অন্য শিষ্যকে সংবাদ দেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=14070

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন